

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৭৭

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل الثَّنِف (باب صفة النار وَأَهْلهَا)

আরবী

وَعَن أبي سعيد الْخُدْرِيِّ عَنْ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الصَّعُودُ جَبَلٌ مِنْ نَارٍ يُتَصَعَّدُ فِيهِ سَبْعِينَ خَرِيفًا وَيُهُوَى بِهِ كَذَلِكَ فِيهِ أَبَدًا» . رَوَاهُ التِّرْمِذِي

حسن ، رواه الترمذى (2576 وقال : غريب) و الحاكم (4 / 496 ح 8764 و سنده حسن) ـ (ضَعيف)

বাংলা

৫৬৭৭-[১৩] আবূ সাঈদ আল খুদরী (রাঃ) রাসূলুল্লাহ (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: জাহান্নামে স'উদ নামে একটি পাহাড় আছে (কুরআনেও এর উল্লেখ রয়েছে) কাফিরকে সত্তর বছরে তার উপরে উঠানো হবে এবং সেখান হতে তাকে নীচে নিক্ষেপ করা হবে। এ অবস্থায় সর্বদা উঠানামা করতে থাকবে। (তিরমিয়ী)

ফুটনোট

য'ঈফ: তিরমিয়ী ৩৩২৬, য'ঈফুল জামি' ৩৫৫২, আবূ ইয়া'লা ১৩৮৩, য'ঈফ হওয়ার কারণ হলো সনদে দাররাজ আবৃস সামহ য'ঈফ; হিদায়াতুর রুওয়াত ৫/২২৭ পু., ৫৬০৫ নং; য'ঈফ আতৃ তারগীব ওয়াত তারহীব ২১৩৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الصَّعُودُ) এটা কুরআনের আয়াত (سَأُراهِفَةُ صَعُوادًا) অর্থাৎ আমি তাকে জাহান্নামের পিচ্ছিল পাথুরে নির্মিত স'উদ পাহাড়ে আরোহণ করতে বাধ্য করব- (সূরাহ আল মুদ্দাসসির ৭৪ : ১৭)। অতএব স্পষ্ট হয়ে গেল



যে, জাহান্নামের মধ্যে পিচ্ছিল পাথরের একটি পাহাড় থাকবে এবং কাফিরকে চড়তে বাধ্য করা হবে। (خَرِيفِا) শব্দটির অর্থ হলো শরৎকাল কিন্তু 'আরবরা এই শব্দটিকে বছরের অর্থে ব্যবহার করে, কেননা প্রতিটি কাল বা ঋতু বছরে একবার করেই আসে। (মিরক্লাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন